

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
সুশাসন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র আওতায় দপ্তর/সংস্থার এপিএ'র টিম লিডার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের উপস্থিতিতে অনুষ্ঠিত ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : অতিরিক্ত সচিব (উন্নয়ন ও এপিএ টিম লিডার), নৌপরিবহন মন্ত্রণালয়।  
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
সভার তারিখ : ২৯-১০-২০২৩  
সময় : দুপুর ১২.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের অওতাধীন সকল দপ্তর/সংস্থার এপিএ টিম লিডার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদনের চুক্তির (এপিএ) সংশোধনের বিষয়ে উপস্থাপনের জন্য বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাইফুল ইসলাম-কে অনুরোধ জানান। উক্ত উপস্থাপনার প্রেক্ষিতে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

২. নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থার এপিএ'র ২০২৩-২৪ অর্থবছরের সংশোধনের বিষয়ে মতবিনিময় করা হয়। নৌপরিবহন অধিদপ্তরের দুটি সূচক ১.৭ ও ২.৫ বাংলাদেশ মেরিন একাডেমির ১টি সূচক ৩.৫.২ পাবকের দুটি সূচক ২.৩ ও ২.৫ ও বিআইডব্লিউটিসি'র ৩টি সূচকের ২.৩, ২.৪ ও ২.৫ সংশোধনী আনা হয়। উক্ত এপিএ'র লক্ষ্যমাত্রা সংশোধনের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।

৩. সভাপতি কর্তৃক সকলকে এপিএ'র লক্ষ্য পূরণে অধিকতর মনোযোগী/সচেতন হওয়ার অনুরোধ করা হয়। এছাড়া কর্মপরিকল্পনা অনুসারে প্রতি মাসের করণীয় বিষয়ে মাসের শুরুতেই সংশ্লিষ্টদের নিয়ে নিয়মিত সভা করা হলে ভাল ফললাভ করা সম্ভব মর্মে মত প্রকাশ করা হয়।

৪. সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ : ২০২৩-২৪ অর্থবছরের দপ্তর/সংস্থার এপিএ সংশোধনের বিষয়ে নৌপরিবহন অধিদপ্তরের দুটি সূচক ১.৭ ও ২.৫ বাংলাদেশ মেরিন একাডেমির ১টি সূচক ৩.৫.২ পাবকের দুটি সূচক ২.৩ ও ২.৫ ও বিআইডব্লিউটিসি'র ৩টি সূচকের ২.৩, ২.৪ ও ২.৫ সংশোধনী প্রস্তাবসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং যথাসময়ে সংশ্লিষ্ট সফটওয়্যারে আপলোড করতে হবে ও এপিএ বাস্তবায়নের সাথে জড়িত সকল কর্মকর্তার (শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, ইনোভেশন, সিটিজেন চার্টার) সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে।

৪.২ : কর্মপরিকল্পনার সময়াবদ্ধ অংশের বিষয়ে সতর্ক থাকতে হবে, যেন যথাসময়ে বাস্তবায়ন করা যায়।

৪.৩ : প্রয়োজনীয় প্রমাণক যথা: ছবি/ভিডিও, প্রত্যয়ন, স্ক্রিনশট, তালিকা, অফিস আদেশ, সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা ইত্যাদি যথাসময়ে সংগ্রহ এবং আপলোড করতে হবে।

৫. পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রতিস্বাক্ষর/-

০১-১১-২০২৩

সঞ্জয় কুমার বণিক

অতিরিক্ত সচিব (উন্নয়ন ও এপিএ

টিম লিডার)

নৌপরিবহন মন্ত্রণালয়।

স্মারক নং- ১৮.০০.০০০০.০৪১.১৬.০০২.২৩-১২৯

তারিখ: ০২-১১-২০২৩


বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, জনরক/ বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক

২. মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, বা/এ ঢাকা-১০০০।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪. কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম।
৫. পরিচালক, নাবিক ও শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০।
৬. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

  
(মো: সাইফুল ইসলাম)

উপসচিব

ফোন : ৫৫১০১০৪৪

ই-মেইল: dsgg@mos.gov.bd